

প্রধানমন্ত্রীর আশ্বাসে বুয়েট শিক্ষকরা ক্লাসে ফিরেছেন কর্মবিরতি স্থগিত

□ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রধানমন্ত্রীর আশ্বাসের পর অবশেষে
কর্মবিরতি স্থগিত করে ক্লাসে
ফিরেছেন বাংলাদেশ প্রকৌশল
বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষকরা।
গতকাল (শনিবার) দুপুরে বুয়েট
শিক্ষক সমিতির সভায় কর্মবিরতি
স্থগিত করে ক্লাসে ফিরে যাওয়ার
সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এর ফলে দীর্ঘ
এক মাস ধরে বুয়েটে চলতে থাকা
অচলাবস্থার অবসান হলো। এর আগে
গত তরুবার বুয়েট শিক্ষকদের ১২
জনের প্রতিনিধি দল গণভবনে
প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন।
এসময় তারা তাদের কর্মবিরতির
কারণ,

৩১১২ ক ১৩

প্রধানমন্ত্রীর আশ্বাসে বুয়েট

প্রথম পৃষ্ঠার পর

বুয়েট সম্পর্কে সার্বিক পরিস্থিতি ও
ভিসির নানা অনিয়মের কথা বুয়েট
শিক্ষকদের প্রধানমন্ত্রীর কাছে
পৌঁছানোর পর তদন্ত ও ব্যবস্থা গ্রহণের
আশ্বাস দিয়ে শিক্ষার্থীদের সার্থে
শিক্ষকদের ক্লাসে ফিরে যাওয়ার
অনুরোধ করার পর গতকাল শিক্ষক
সমিতির সভায় ক্লাসে ফিরে যাওয়ার এই
সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
বুয়েট শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক
এফসের ড. আপদাুল ইসলাম বলেন,
গত তরুবার আমরা প্রধানমন্ত্রীর সঙ্গে
দেখা করেছি। প্রধানমন্ত্রী আমাদের
শ্রেষ্ঠা পট ঘনোছেন। তিনি আমাদের
দাবিতলো মনোযোগ দিয়ে পোনেন এবং
ব্যস্তব্যস্তের আশ্বাস দেন। তার সরকার
বুয়েটের ঐতিহ্য ও সুনাম রক্ষা করবেন
বলে আশ্বাস দিয়েছেন। প্রধানমন্ত্রীর
আশ্বাসের পর আমরা আমাদের কর্মসূচি
স্থগিত করে ক্লাসে ফিরে গেছি। তবে
আমাদের দাবিতলো এখনও আছে।
মানবনিক পর আমরা আবার পরিস্থিতি
রিভিউ করবো। সভায় উপস্থিত ছিলেন
বুয়েট শিক্ষক সমিতির সভাপতি এফসের
মুজিবুর রহমান, সহ-সভাপতি মাকসুদ
হেলাল ও সাংগঠনিক সম্পাদক গোলাম
আকারিয়ারসহ সমিতির অন্য নেতৃবৃন্দ।
এর আগে গত ৭ এপ্রিল থেকে বুয়েটের
ভিসির পনড্যাগনসহ ১৭ দফা দাবিতে
কর্মবিরতি পালন শুরু করে। অন্যান্য
দাবির মধ্যে আরও ছিল মো-ভিসির পদ
বৃদ্ধি, শিক্ষকসহ বিভিন্ন নিয়োগে
দায়িত্বের ও বেতনকে উপেক্ষা,
অত্যধিক শিল্পের ছাউনতা, পুরীক্ষা
সকলের কাছে ছাত্রছাত্রী নির্বাচনের
বৈধনামূলক আচরণ, অজান্তরীণ
পনোয়তি, নিলেকশন গ্রেড, টাইমভেল
প্রদানে বিশেষ গোষ্ঠীর কর্তৃত্ব।
কর্মচারীকে সুবিধা প্রদান, ছাত্রছাত্রীর
ছাত্রীদের নামে অত্যাচার, ঠান্ডাছাত্রী,
ডায়েরি ইত্যাদি চালানো এবং তা বন্ধ
করার উদ্যোগ না নেয়া, গোষ্ঠীভাষ্য
বাসিন্দে বিধিবহির্ভূতভাবে সদস্য
মনোনয়ন করে বুয়েট এলাকায়
ফেডারেশনের কার্যনির্বাহী পরিষদ গঠন
ও সংগঠনটিকে বিতর্কিত করা ইত্যাদি
দাবিতে শিক্ষক সমিতি কর্মবিরতি পালন
করে আসছিল। এরই প্রেক্ষিতে গত
তরুবার বুয়েট পরিস্থিতি নিয়ে
আলোচনার জন্য বুয়েটের ১২ জন
শিক্ষককে গণভবনে আমন্ত্রণ জানান
প্রধানমন্ত্রী। বৈঠকে প্রধানমন্ত্রীর
আশ্বাসের পর গতকাল থেকেই ক্লাসে
ফিরে গেছেন শিক্ষকরা।
বুয়েট শিক্ষক সমিতির সভাপতি এফসের
ড. মুজিবুর রহমান বলেন, প্রধানমন্ত্রীর
সাথে আমাদের অন্তরিক আলোচনা
হয়েছে। তিনি আমাদের আশ্বাস
করেছেন। সকল দাবি পূরণের দায়িত্ব
তিনি নিয়েছেন। তিনি আমাদের
কর্মবিরতি থেকে সরে এসে ক্লাস নেয়া
তরু করতে বলেছেন। তাই শিক্ষক
সমিতির সভায় আমরা বিষয়টি নিয়ে
আলোচনার পর কর্মসূচি স্থগিত রেখে
ক্লাসে ফিরে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা
হয়।